গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের দপ্তর, খুলনা।
E-mail address : khulna@cs.dghs.gov.bd

স্মারক নং-সি,এস,কে/নিয়োগ/শা-১/২০২২/১৭৪৫ তারিখ : ২৬/০৫/২০২২ ইং।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

সিভিল সার্জন, খুলনা-এর প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের শূন্য পদ সমূহে ১১-১৭ গ্রেড (পূর্বতন ৩য় শ্রেণী) জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের নাগরিক এবং খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে :-

| ক্র নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | মেডিকেল টেকনোলজিষ্ট (ডেন্টাল) | ০৪ (চার) | গ্রেড ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ডেন্টাল) বা ক্ষেত্রমত ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রি এবং বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হইতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত। |
| ২। | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবঃ) | ১৪ (চৌদ্দ) | গ্রেড ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ল্যাবঃ) এ ডিপ্লোমা ডিগ্রি। |
| ৩। | হেলথ এডুকেটর | ০১ (এক) | গ্রেড ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বা জীববিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি।<br>অথবা<br>কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে স্বাস্থ্য শিক্ষায় এমপিএইচ ডিগ্রি। |
| ৪। | কম্পিউটার অপারেটর | ০৩ (তিন) | গ্রেড ১৩<br>স্কেল- ১১০০০-২৬৫৯০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৫। | পরিসংখ্যানবিদ | ০৫ (পাঁচ) | গ্রেড ১৪<br>স্কেল- ১০২০০-২৪৬৮০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৬। | কীটতত্ত্বীয় টেকনিশিয়ান | ০২ (দুই) | গ্রেড ১৫<br>স্কেল- ৯৭০০-২৩৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | ষ্টোর কিপার | ০৬ (ছয়) | গ্রেড ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) ষ্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। |
| ৮। | ড্রাইভার | ০৪ (চার) | গ্রেড ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | (ক) কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) হালকা গাড়ি চালনার হালনাগাদ বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স। (গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। |
| ৯। | স্বাস্থ্য সহকারী | ১১৬ (একশত ষোল) | গ্রেড ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী :-**

১। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হইবে।
২। সিভিল সার্জন, খুলনা-এর বরাবর তাহার কার্যালয়ে আগামী ইং ১৬/০৬/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ০৫টা পর্যন্ত) আবেদনপত্র সরাসরি/ডাকযোগে জমা দেওয়া যাইবে। (ডাকযোগে প্রেরিত আবেদনপত্র অবশ্যই ইং ১৬/০৬/২০২২ তারিখ বিকাল ০৫টার মধ্যে অত্র দপ্তরে পৌছাইতে হইবে অন্যথায় বাতিল বলিয়া গণ্য হইবে)।
৩। প্রার্থীর বয়স ইং ০১/০৬/২০২২ তারিখে ১৮ (আঠার) হইতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হইতে হইবে।
৪। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স (ইং ০১/০৬/২০২২ তারিখে), জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করিতে হইবে।
৫। আবেদন পত্রের সহিত জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক স্থায়ী বাসিন্দা হিসাবে নাগরিক সনদ পত্রের সত্যয়িত (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম সম্বলিত সিল ব্যবহৃত) ফটো কপি জমা দিতে হইবে। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দাখিল করিতে হইবে।
৬। প্রতিটি পদের জন্য আবেদন পত্রের সাথে সিভিল সার্জন, খুলনা-এর অনুকূলে ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরযোগ্য) সোনালী ব্যাংক লিঃ-এর যে কোন শাখা হতে জমা দিতে হবে।
৭। আবেদনকারীকে বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকিটসহ ৯ ইঞ্চি x ৪ ইঞ্চি সাইজের ফেরৎ খাম আবেদনের সহিত জমা দিতে হইবে।
৮। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ইউনিয়ন-এর স্থায়ী বাসিন্দা হইতে হইবে এবং নাগরিক সনদপত্রে তাহার নিজ গ্রাম ও সাবেক ওয়ার্ড নম্বর উল্লেখ থাকতে হইবে।
৯। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করিতে হইবে। তবে আবেদনপত্র যথাসময়ে ও তারিখে (ইং ১৬/০৬/২০২২ তারিখ বিকাল ০৫টার মধ্যে) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাইতে হইবে।
১০। কম্পিউটার অপারেটর পদে প্রার্থীদের (প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ গতি সম্পন্ন হতে হবে)। কম্পিউটার অপারেটর পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিয়োগ বিধি মোতাবেক কম্পিউটার অপারেটর পদের জন্য সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য হইবেন।
১১। ড্রাইভার পদের প্রার্থীগণ লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য হইবেন।
১২। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড/ইউনিয়ন ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হইবে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী (সাবেক ওয়ার্ড/ইউনিয়ন) হইতে যোগ্য প্রার্থী দ্বারা শূন্য পদ পূরণ করা হইবে। সাবেক ওয়ার্ড ভিত্তিক শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে।
১৩। বিভিন্ন সময়ে সরকার কর্তৃক জারিকৃত মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী কোটাসহ অন্যান্য বিশেষ কোটা সরকারী বিধি-বিধান অনুযায়ী সংরক্ষণ করা হইবে। মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী কোটাসহ অন্যান্য বিশেষ কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি অনুযায়ী কোটার সপক্ষে কাগজপত্র আবেদনের সাথে জমা দিতে হইবে।
১৪। ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। এই ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে।
১৫। প্রার্থীকে অবশ্যই খুলনা জেলার স্থায়ী বাসিন্দা হইতে হইবে।
১৬। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি বিষয়ে কোন কিছু জানার থাকিলে সিভিল সার্জন, খুলনা কার্যালয়ে যোগাযোগ করা যাইতে পারে।
১৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
১৮। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে কোন প্রকার সংশোধন করা হইলে শুধুমাত্র অত্র দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হইবে।
১৯। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার সকল প্রকার ক্ষমতা নিয়োগ/নির্বাচন কমিটি সংরক্ষণ করেন।

**(ডাঃ সুজাত আহমেদ)**
সিভিল সার্জন, খুলনা
ও
সদস্য সচিব
১১-১৭ গ্রেড জনবল নিয়োগ কমিটি